**আবেদন ফরম পূরণ এবং নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ করতে হবে:**

০১। বিসিকের কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ১৯৮৯ ও শূন্যপদ পূরণ সংক্রান্ত সরকারি আইন ও বিধি অনুযায়ী নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

০২। উপরিউক্ত কলাম ০৫ এ প্রদত্ত শিক্ষাগত যোগ্যতার Equivalent GPA/CGPA গ্রহণযোগ্য হবে। অধিকন্তু, শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক ঘোষিত অন্যান্য আইন ও বিধি প্রতিপালন করা হবে। তবে কোন প্রার্থীর শিক্ষা জীবনে কোন ৩য় বিভাগ/শ্রেণি বা সমমানের জি.পি.এ থাকলে তিনি যোগ্য বিবেচিত হবেন না।

০৩। **শিল্পনগরী কর্মকর্তার দায়িত্বসমূহ:** শিল্পনগরীর উন্নয়নমূলক কাজের তদারকী পুরকৌশল বিষয়ক সকল কার্যাদি সম্পাদন, সকল প্রকার ব্যয় নির্বাহ; অফিস প্রধান হিসেবে শিল্পনগরী কার্যালয়ের সকল দায়িত্ব পালন; কারিগরি সমস্যা সমাধানের পরামর্শ, প্রতিষ্ঠানসমূহের জন্য প্রয়োজনীয় কাঁচামাল, উপযুক্ত যন্ত্রপাতি ও সরঞ্জামাদি নির্ধারণে পরামর্শ প্রদান; জেলা ভূমি বরাদ্দ কমিটির সদস্য হিসেবে দায়িত্ব পালন ও প্রধান কার্যালয় কর্তৃক প্লটের আবেদন ছাপানো, বরাদ্দ পত্রের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট কাগজপত্রসহ উদ্যোক্তাদের আবেদনপত্র গ্রহণ, প্লটের প্রয়োজনীয়তা নির্ণয় করত: তা যাচাই-বাছাই করে জেলা ভূমি বরাদ্দ কমিটির সভায় উপস্থাপন; শিল্প প্রতিষ্ঠানকে বরাদ্দপত্র প্রদান; জমির মূল্য আদায়পূর্বক প্লটের পজিশন বুঝিয়ে দেয়া ও প্লটের পজিশন প্রদানের পর সংশ্লিষ্ট শিল্প উদ্যোক্তাদের নিকট হতে স্থাপিতব্য কারখানার প্ল্যান এস্টিমেট পরীক্ষা করে তা অনুমোদনের জন্য আঞ্চলিক কার্যালয়ের প্রেরণ; ভূমি বরাদ্দ সংক্রান্ত লিজ ডিড এগ্রিমেন্ট সম্পাদন; বিভিন্ন শিল্প প্লট বরাদ্দ গ্রহীতার নিকট থেকে জমির কিস্তি, সার্ভিস চার্জ, ভূমিকর, পানির বিল ইত্যাদি আদায়, প্লট গ্রহীতা বিসিকের বরাদ্দ পত্রের শর্ত এবং অনুমোদিত লে-আউট প্ল্যান মোতাবেক নির্মাণ কাজ সম্পন্ন করে যথাসময়ে উৎপাদন কার্যক্রম পরিচালনার বিষয়ে তদারকি; সরকারি নির্দেশনার আলোকে প্লট গ্রহীতাকে ব্যাংক ঋণ প্রাপ্তিতে সহায়তা; শিল্পনগরীর অবকাঠামোগত সুবিধাদি যথা: রাস্তাঘাট, ড্রেন, কালভার্ট ইত্যাদি যথাযথ রক্ষণাবেক্ষণ এবং প্রয়োজন মোতাবেক পুন:মেরামতের ব্যবস্থা গ্রহণ; রুগ্ন, নিষ্ক্রিয় এবং বন্ধ শিল্প প্রতিষ্ঠান চালু করার বিষয়ে সংশ্লিষ্ট মালিকদেরকে পরামর্শ, বরাদ্দ পত্রের শর্ত লংঘন করলে (যথা: নির্ধারিত সময়ে কারখানা চালু না করা/ দীর্ঘদিন বন্ধ রাখা ইত্যাদি) সে সমস্ত কারখানার প্লট বাতিলের বিষয়ে জেলা ভূমি বরাদ্দ কমিটির সভায় উপস্থাপন; অডিট আপত্তি সংক্রান্ত তথ্যাদির জবাব প্রস্তুত করে যথাযথ বিভাগে প্রেরণ ও ব্যাংক ঋণ সংক্রান্ত অনাপত্তিপত্র প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট ব্যাংকে প্রেরণের ব্যবস্থা গ্রহণ করবেন।

**সহকারী প্রকৌশলীর দায়িত্বসমূহ:** শিল্পনগরীর উন্নয়নমূলক কাজের তদারকী, উন্নয়নমূলক কাজের ব্যত্যয় বা অনুমোদনবিহীন কাজের প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের নিকট উপস্থাপন; শিল্পনগরীতে রাস্তাঘাট, ড্রেন-কালভার্ট, পানির পাম্প এবং পানির লাইন, গ্যাস সংযোগ, বিদ্যুৎ সংযোগ সংশ্লিষ্ট নির্মাণ, পুনঃনির্মাণ, সম্প্রসারণ, সংস্কারকরণে কারিগরি সকল সহযোগিতা; শিল্পনগরীতে ইটিপি ও সিটিপি রক্ষণাবেক্ষণ তদারকীকরণ; শিল্পের প্রাক-বিনিয়োগ ও বিনিয়োগোত্তর পরামর্শ প্রদান; প্লট গ্রহীতা বিসিকের বরাদ্দ পত্রের শর্ত এবং অনুমোদিত লে-আউট প্ল্যান মোতাবেক নির্মাণ কাজ সম্পন্ন করে যথাসময়ে উৎপাদন কার্যক্রম পরিচালনার বিষয়ে তদারকি; কারিগরি প্রতিবেদন প্রস্তুত; নির্মাণাধীন শিল্প কারখানা অনুমোদিত লে-আউট প্ল্যান অনুযায়ী হচ্ছে কিনা তা নিশ্চিত করবেন; নির্মিত ভবন সম্প্রসারণে লে-আউট প্ল্যান সংক্রান্ত ও বিল্ডিং কোর্ডের সকল শর্ত পালন নিশ্চিতকরণ; কারিগরি সমস্যা সমাধানের পরামর্শ প্রদান; শিল্পনগরীর অবকাঠামোগত সুবিধাদি যথা: রাস্তাঘাট, ড্রেন, কালভার্ট ইত্যাদি যথাযথ রক্ষণাবেক্ষণ এবং প্রয়োজন মোতাবেক পুন:মেরামতের ব্যবস্থা গ্রহণ করবেন।

**ঊর্ধ্বতন সমন্বয় কর্মকর্তার দায়িত্বসমূহ:** পরিকল্পনা এবং শিল্প মন্ত্রণালয়ের সাথে যোগাযোগের মাধ্যমে বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার বিশেষজ্ঞ পরিষেবা/প্রযুক্তিগত সহায়তার সমস্ত ক্ষেত্রে প্রক্রিয়াকরণ; পরামর্শক নিয়োগ, চুক্তি সম্পাদন, ফলোআপ এবং তত্ত্বাবধান সম্পর্কিত বিভিন্ন ক্ষেত্রে প্রস্তাব প্রস্তুত ও মূল্যায়ন; বাজেট বক্তৃতা, প্রয়োজনীয় প্রশ্নের উত্তর, অর্থনৈতিক সমীক্ষা সংক্রান্ত কাগজপত্র এবং কর্তৃপক্ষের প্রয়োজনে অন্যান্য সম্পর্কিত কাগজপত্র প্রস্তুত; বিভিন্ন অধিদপ্তর, এজেন্সি (সরকারি ও বেসরকারি) এবং মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ ও সমন্বয় বজায় রাখা; সংশ্লিষ্ট বিভাগ/শাখা/সেকশনের ফাইল ও নথিগুলো যথাযথভাবে রক্ষণাবেক্ষণ, প্রতিবেদন, বিনিয়োগের সময়সূচী ইত্যাদি তৈরিতে অন্যান্য বিভাগকে সহায়তা করা, প্রোগ্রাম বাস্তবায়ন এবং তত্ত্বাবধান নিশ্চিতকরণ, প্রয়োজনীয় অন্যান্য কার্যবলি সম্পাদন করতে হবে।

**প্রকাশনা কর্মকর্তার দায়িত্বসমূহ:** বিভিন্ন প্রতিবেদন সম্পাদক ও প্রকাশে সহায়তা করা।

**সাব-কন্ট্রাকটিং কর্মকর্তার দায়িত্বসমূহ:** বিদ্যমান সাব-কন্ট্রাকটিং শিল্পগুলির সক্ষমতার উপর প্রযুক্তি/কারিগরি তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ, শিল্প পরিদর্শনের মাধ্যমে কার্যকর লিঙ্ক তৈরি করা এবং প্রযুক্তি ও কারিগরি বিষয়ে সহায়তা করা, সাব-কন্ট্রাক্টিং সম্পাদনের পণ্যের তত্ত্বাবধান এবং গুণমান নিশ্চিতকরণ, বিভিন্ন শিল্পের সাব-কন্ট্রাক্টিং প্রচারের জন্য বাজারের প্রয়োজনীয়তা মূল্যায়ন করা এবং কর্তৃপক্ষকে রিপোর্ট করা এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত যেকোনো দায়িত্ব পালন।

**ঊর্ধ্বতন ফটোগ্রাফারের দায়িত্বসমূহ:** ফটোগ্রাফিক বিভাগের প্রধান হিসাবে কাজ করা; গবেষণা, ডিজাইন, প্রোটোটাইপ প্রশিক্ষণের জন্য ফটোগ্রাফ তৈরি; বুকলেট, ফোল্ডার, ক্যাটালগগুলির জন্য ফটোগ্রাফ তৈরি; ডিজাইন গবেষণার জন্য বাংলাদেশের ঐতিহ্যবাহী নকশার ছবি তোলা; বাংলাদেশের হস্তশিল্পের কালার স্লাইড তৈরি করা; প্রচারের জন্য কেন্দ্রের এবং কেন্দ্রের বাইরে প্রশিক্ষণার্থীদের ছবি তোলা; রেকর্ডিংয়ের জন্য ছবির অ্যালবাম তৈরি করা।

০৪। **বয়স (০১-০৮-২০২৩ খ্রি. তারিখ)**

ক) ২ নং হতে ০৮ নং ক্রমিকের পদসমূহের ক্ষেত্রে সাধারণ প্রার্থী, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পত্র-কন্যার পুত্র-কন্যা, এতিম, মহিলা, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্যের কোটার প্রার্থীর ক্ষেত্রে সর্বোচ্চ বয়স ৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের সময়সীমা ১৮-৩২ বছর।

খ) বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৫। প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা অথবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার পুত্র-কন্যা (নাতি-নাতনি) হলে অথবা অন্য কোনো কোটায় আবেদন করতে হলে Online এ আবেদন ফরমের নির্ধারিত ঘর পূরণ করতে হবে।

০৬। **জাতীয়তা**

ক) প্রার্থীকে বাংলাদেশের নাগরিক হতে হবে। লিঙ্গ নির্বিশেষে বাংলাদেশের যে কোন নাগরিক আবেদনের যোগ্য বলে বিবেচিত হবেন।

খ) সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশি নাগরিককে বিবাহ করলে বা বিবাহ করতে প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি পরীক্ষায় অংশগ্রহণের অযোগ্য বলে বিবেচিত হবেন।

গ) কোন প্রার্থী সরকারের অনুমতি সাপেক্ষে বিদেশি নাগরিককে বিবাহ করলে সরকার কর্তৃক প্রদত্ত বিবাহের অনুমতিপত্রের অনুলিপি (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) Applicant's Copy-এর সঙ্গে বিসিক প্রধান কার্যালয়ে অবশ্যই জমা দিতে হবে।

০৭ **ডিক্লারেশন**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে নিয়োগ পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল এবং বিসিক কর্তৃক গৃহীতব্য যে কোন নিয়োগ পরীক্ষায় আবেদন করার অযোগ্য ঘোষণাসহ তার বিরুদ্ধে যে কোন আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে। Applicant's Copy-এ প্রদত্ত ডিক্লারেশন অনুযায়ী প্রার্থী লিখিত পরীক্ষার জন্য http://bscic.teletalk.com.bd ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করবেন। পরবর্তীতে, উপরিউক্ত কোনরূপ অযোগ্যতা/দুর্নীতি প্রমাণিত হলে সাময়িকভাবে প্রাপ্ত প্রবেশপত্র ও প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে। লিখিত পরীক্ষায় কৃতকার্য হলে অনলাইন আবেদনপত্রে (Applicant's Copy) প্রদত্ত প্রতিটি তথ্যের সপক্ষে যথাযথ সনদ/প্রত্যয়নপত্র লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশের পর বিসিক কর্তৃক নির্ধারিত সময়ে এই বিজ্ঞাপনের ০৯ (নয়) নং ক্রমিকের নির্দেশনা অনুযায়ী অনলাইনে পূরণকৃত Applicant's Copy এর অনুলিপিসহ সংশ্লিষ্ট কাগজপত্রাদি পরিচালক (প্রশাসন), বিসিক, বিসিক ভবন, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ বরাবর প্রেরণ করতে হবে। কোন প্রার্থী অনলাইনে Applicant's Copy এ প্রদত্ত তথ্য ও শিক্ষাগত যোগ্যতার প্রমাণস্বরূপ যথাযথ সনদ/প্রত্যয়নপত্র দাখিল করতে ব্যর্থ হলে বা কোন পদের জন্য নির্ধারিত যোগ্যতা না থাকলে বা আবেদনপত্র ভুলভাবে পূরণ করলে বা কোন অযোগ্যতা বা কোন Substantive ত্রুটি ধরা পড়লে যে কোন পর্যায়ে তার প্রার্থিতা বাতিল বলে গণ্য হবে।

